

ফতওয়া নং ৩৭১

প্রশ্ন:

হযরত আমার জানার বিষয় বাড়িতে দুই ভাই ও স্ত্রী আছে বাড়ির গার্জেন আকা, তো স্ত্রীদের সোনা রূপোর আছে তো কার ওপর কুরবানী ওয়াজিব হবে,,, সবাই এক সংসারে থাকে।

উত্তর:

যে ব্যক্তি কোরবানীর দিনগুলোতে নিত্যপ্রয়োজনীয় বস্তু ও খাণ ব্যতীত কমপক্ষে সাড়ে ৫২ তোলা (অর্থাৎ ৬১২ গ্রাম ৩৫ মিলিগ্রাম) রূপা বা তার সমমূল্য নগদ টাকা বা মালের মালিক হবে তার ওপর কোরবানী করা ওয়াজিব হবে। যার মাল শুধু তার উপরেই কুরবানী ওয়াজিব হবে। অতএব সোনা-রূপো, টাকা-পয়সা ইত্যাদি মিলে উপরোক্ত নিসাব পরিমাণ মাল যদি শুধু স্ত্রীর মালিকানাধীন থাকে তাহলে শুধু স্ত্রীর উপরেই কুরবানী ওয়াজিব হবে। স্ত্রীর মালের কারণে স্বামী বা অন্য কারোর উপর কুরবানী ওয়াজিব হবে না। (ফিক্বহী মাক্বালাত ৩/১৬৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
০৭ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (16/05/2024)